



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ২৬৫৭০

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/বালকাঠী-৪/ ২৪৯

তারিখঃ ৫/০২/২০১৭খ্রিঃ


বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বালকাঠী জেলার কাঠালিয়া উপজেলাধীন মফিজ উদ্দিন ইসলামিয়া দাখিল মাদরাসার দাতা সদস্য হিসেবে সর্বজনাব গোলাম কবির বন্টু, মোঃ আঃ মজিদ, মোঃ ফেরদৌস ওয়াহেদ নামক ব্যক্তিদের বর্ণিত মাদরাসায় কোন দলিল পাওয়া যায় নাই মর্মে ভোটার তালিকায় তাঁদের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হয়নি মর্মে সুপার দরখাস্তে ও তদন্ত কমিটির নিকট দাবী করেন। তবে সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বালকাঠী ও তদন্তকারী কর্মকর্তা তাঁর প্রদত্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, ২০০৮ সালের অনুমোদিত ভোটার তালিকায় প্রতিষ্ঠাতা হিসেবে মোঃ আঃ ওয়াহিদ ও দাতা সদস্য হিসেবে মিসেস ফাতিমা নাজনীন, মোঃ গোলাম কবির (বন্টু), ফেরদৌস ওয়াহিদ এবং মোঃ আঃ মজিদ মিয়া অন্তর্ভুক্ত ছিলেন।

নথী পর্যালোচনায় দেখা যায় যে, ১৭.০৭.২০১০খ্রিঃ তারিখে ও ম্যানেজিং কমিটির রেজুলিউশন তাং- ২৭.০৭.২০১০ মোতাবেক ভোটার তালিকা; ১৫.০৭.২০০৮খ্রিঃ তারিখে দাতা শ্রেণির ভোটার তালিকা; ০৩.০৭.২০০৫খ্রিঃ তারিখের সিদ্ধান্ত মোতাবেক দাতা শ্রেণির ভোটার তালিকা; ০৬.০৬.২০০২খ্রিঃ তারিখে প্রস্তুতকৃত ও ০৮.০৬.২০০২ ও ২৩.০৬.২০০২খ্রিঃ তারিখে ম্যানেজিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক প্রস্তুতকৃত দাতা শ্রেণির ভোটার তালিকায় তদন্ত কর্মকর্তা ও সহকারী কমিশনারের প্রতিবেদনের সাথে সাদৃশ্যপূর্ণ এবং তদন্ত কর্মকর্তা ২০০৮ সালের ভোটার তালিকায় তাঁদের নাম থাকার কথা উল্লেখ করিলেও তদন্ত কর্মকর্তার নথিপত্র পর্যালোচনাস্তে প্রাপ্ত পর্যবেক্ষন বিষয়ে কোন উত্তর না দিয়ে সুপার জনাব মোঃ তৈয়ব আলী উল্লেখ করেন যে, সাবেক সভাপতি কর্তৃক ১৯৮৫-২০১০ পর্যন্ত সকল কাগজপত্র মাদরাসার ভারপ্রাপ্ত সুপার এর নিকট থেকে নিয়ে যান এবং উক্তরূপ অযুহাতে পুনরায় ক্রটিপূর্ণ ভোটার তালিকায় দাতা সদস্য পদে নির্বাচন করেছেন।

উল্লেখ্য তদন্ত প্রতিবেদন মোতাবেক দেখা যায়, সুপার জনাব তৈয়ব আলী ইতোপূর্বেও সুপার এর দায়িত্বে ছিলেন, তদন্ত কর্মকর্তার উল্লিখিত ২০০৮ সালের দাতা শ্রেণির ভোটার তালিকা বর্তমান সুপার জনাব তৈয়ব আলী কর্তৃক প্রস্তুতকৃত ও স্বাক্ষরিত ও ম্যানেজিং কমিটি কর্তৃক অনুমোদিত। ২৯/০৬/২০০৫ ও ০৬/০৬/২০০২ খ্রিঃ তারিখের দাতা শ্রেণির ভোটার তালিকা বর্তমান সুপার জনাব মোঃ তৈয়ব আলী কর্তৃক প্রস্তুতকৃত ও তৎকালীন ম্যানেজিং কমিটি কর্তৃক পরীক্ষা ও পর্যালোচনাস্তে অনুমোদিত মর্মে বোর্ডে রক্ষিত নথী থেকে স্পষ্ট।

তদুপরি সুপার জনাব মোঃ তৈয়ব আলীর লিখিত বক্তব্যে তথ্য গোপন ও প্রকারান্তরে অসত্য বক্তব্য ও তথ্য বিকৃত করে দাতা শ্রেণি পদে ক্রটিযুক্ত ভোটার তালিকা প্রস্তুতের জন্য তাঁর বিরুদ্ধে এমপিও বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থাসহ সকল আইনগত ব্যবস্থা কেন নেওয়া হবে না তৎমর্মে ০৩ (তিন) সপ্তাহের মধ্যে তার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২/২/১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব মোঃ তৈয়ব আলী, সুপার
মফিজ উদ্দিন ইসলামিয়া দাখিল মাদরাসা, কাঠালিয়া, বালকাঠী।

নং-বামাশিবো/প্রশা/বালকাঠী-৪/

তারিখঃ ০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, কাঠালিয়া, বালকাঠী।
২. জেলা শিক্ষা অফিসার, বালকাঠী।
৩. সভাপতি/সদস্যবৃন্দ, মফিজ উদ্দিন ইসলামিয়া দাখিল মাদরাসা, কাঠালিয়া, বালকাঠী।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪